**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 1/14/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# এম্পায়ার উইন্ড 2 এবং বিকন উইন্ড প্রকল্পগুলোর চুক্তি চূড়ান্ত হওয়ায় উপকূলীয় বায়ুশক্তি সংক্রান্ত গুরুত্বপূর্ণ মাইলফলক অর্জিত হয়েছে বলে গভর্নর হোকলের ঘোষণা

***নিউ ইয়র্ক স্টেটের জন্য বৃহৎ অর্থনৈতিক সুযোগ, বিনিয়োগ, ও কর্মসংস্থান তৈরি হতে যাচ্ছে***

***উপকূলীয় বায়ুশক্তি শিল্পের প্রশিক্ষণে সহায়তার জন্য প্রথম স্টেট অনুদান বরাদ্দের কথাও ঘোষণা করা হয়েছে***

***2035 সালের মধ্যে 9,000 মেগাওয়াট অফশোর বায়ুশক্তি উন্নয়নের জন্য জলবায়ু নেতৃত্ব ও কমিউনিটি সুরক্ষা আইনের লক্ষ্যকে সমর্থন করে***

গভর্নর ক্যাথি হোকল আজ পোর্ট আলবানিতে, যুক্তরাষ্ট্রের সেক্রেটারি অব এনার্জি জেনিফার এম. গ্র্যানহোম, কংগ্রেসম্যান পল টনকো এবং অন্যান্য নির্বাচিত কর্মকর্তাদের সঙ্গে নিয়ে, নিউ ইয়র্ক স্টেট জ্বালানি গবেষণা ও উন্নয়ন কর্তৃপক্ষ (New York State Energy Research and Development Authority, NYSERDA) এবং এম্পায়ার উইন্ড অফশোর LLC (Empire Wind Offshore LLC) ও বিকন উইন্ড LLC (Beacon Wind LLC) এর মধ্যে, প্রত্যেকে ইকুইনর (Equinor) ও bp-র মধ্যকার 50-50 অংশীদারিত্ব নিয়ে, এম্পায়ার উইন্ড 2 (Empire Wind 2) ও বিকন উইন্ড (Beacon Wind) উপকূলীয় বায়ুশক্তি প্রকল্পগুলোর চুক্তি চূড়ান্ত হওয়ার কথা ঘোষণা করেছেন, যা নিউ ইয়র্ক স্টেটে উপকূলীয় বায়ুশক্তি উন্নয়নের অগ্রগতিতে একটি গুরুত্বপূর্ণ মাইলফলকের প্রতিনিধিত্ব করে।

"ভবিষ্যতের জন্য নির্মাণ করতে ও সেটি টিকিয়ে রাখতে কোন জিনিসটি প্রয়োজন তা আমাদের জানা আছে, এটি নিউ ইয়র্কবাসী হিসেবে আমাদের DNA-র সঙ্গে মিশে আছে," **বলেছেন গভর্নর হোকল।** "এসব উল্লেখযোগ্য উপকূলীয় বায়ুশক্তি প্রকল্প এগিয়ে নেয়ার মাধ্যমে আমরা অতি প্রয়োজনীয় সবুজ কর্মসংস্থান তৈরি ও বিনিয়োগ ত্বরান্বিত করবে এমন প্রকল্পগুলো উন্নয়নের ক্ষেত্রে আমাদের ছন্দ বজায় রাখতে পারবো। অন্য কোনো স্টেট নিউ ইয়র্ক স্টেটের চেয়ে বেশি জলবায়ু পরিবর্তনের প্রভাব অনুভব করেনি, এবং আগের যেকোনো সময়ের চেয়ে এখন আমরা একটি নবায়নযোগ্য জ্বালানি ও অপেক্ষাকৃত নির্মল, সবুজতর ভবিষ্যতের দিকে উত্তরণের জন্য আমাদের উচ্চাকাঙ্ক্ষী জাতীয়-নেতৃত্বের ভিশনের পথে এগিয়ে যাওয়ায় নেতৃত্ব দিতে পারি।"

আজকের এই ঘোষণা স্টেটের উপকূলীয় বায়ুশক্তি শিল্পের প্রতিযোগিতামূলক দ্বিতীয় সলিসিটেশনের সমাপ্তি ঘটিয়েছে এবং এতে স্টেটের উপকূলীয় বায়ুশক্তি শিল্পের প্রশিক্ষণ ইনস্টিটিউটের জন্য প্রথম অনুদান প্রদানও অন্তর্ভুক্ত ছিল। এই সপ্তাহে ব্যুরো অব ওশেন এনার্জি ম্যানেজমেন্ট (Bureau of Ocean Energy Management, BOEM)-এর নিউ ইয়র্ক বাইটের জন্য বিক্রির চূড়ান্ত বিজ্ঞপ্তি জারি এবং NYSERDA-এর 2022 সলিসিটেশনের মধ্যে উপকূলীয় বায়ুশক্তি বন্দর, উৎপাদন, ও সাপ্লাই চেইন অন্তর্ভুক্ত করার জন্য দেশের মধ্যে নেতৃস্থানীয় 500 মিলিয়ন ডলারের বিনিয়োগ সম্পর্কে স্টেট অব দ্যা স্টেটে প্রদানকৃত ঘোষণার পাশাপাশি এসব ইভেন্ট 2035 সালের মধ্যে 9,000 মেগাওয়াট অফশোর বায়ুশক্তি উন্নয়নের জন্য জলবায়ু নেতৃত্ব ও কমিউনিটি সুরক্ষা আইনের লক্ষ্যকে এগিয়ে নেয়ার ক্ষেত্রে সামনের দিকে একটি উল্লেখযোগ্য পদক্ষেপের প্রতিনিধিত্ব করে।

**যুক্তরাষ্ট্রের সেক্রেটারি অব এনার্জি জেনিফার এম. গ্র্যানহোম বলেন,** "নিউ ইয়র্কের পরিবারগুলোর জন্য বিদ্যুৎ বিল কমিয়ে আনা, কয়েক হাজার ভালো বেতনের কর্মসংস্থান সৃষ্টি করা, এবং আমেরিকায় একটি শক্তিশালী উপকূলীয় বায়ুশক্তি শিল্প প্রতিষ্ঠার জন্য প্রেসিডেন্ট বাইডেনের লক্ষ্যকে সামনে এগিয়ে নেয়ার পথে একটি বৃহৎ পদক্ষেপ গ্রহণ করায় গভর্নর হোকলকে অভিনন্দন। আমরা জলবায়ু পরিবর্তনের চ্যালেঞ্জ কাটিয়ে উঠতে পারি এবং আমরা তা করবো, এবং আমরা এক একজন নির্মল জ্বালানি কর্মী অর্জনের মধ্য দিয়ে সেই লক্ষ্যে এগিয়ে যাবো।"

**সিনেটর গিলিব্র্যান্ড বলেন,** "এই সপ্তাহে আলবানিতে নির্মল জ্বালানি খাতে নিউ ইয়র্কের উদ্ভাবন উদযাপনের সময়ে, নিউ ইয়র্ক স্টেটের জ্বালানি গবেষণা ও উন্নয়ন কর্তৃপক্ষ এবং এম্পায়ার উইন্ড অফশোর LLC ও বিকন উইন্ড LLC-এর মধ্যকার এই গুরুত্বপূর্ণ অংশীদারিত্বের কথা ঘোষণা করতে পেরে আমি রোমাঞ্চিত। এটি নির্মল জ্বালানি ও উপকূলীয় বায়ুশক্তি উন্নয়নের ক্ষেত্রে আমাদের স্টেটের নেতৃত্ব ও উদ্ভাবনের আরেকটি মাইলফলক হয়ে থাকবে। নিউ ইয়র্কে নির্মল জ্বালানি সম্পর্কিত কর্মসংস্থান ও প্রযুক্তি নিয়ে আসার জন্য আমাদের এই চমৎকার কাজটি চালিয়ে যাওয়ার জন্য আমি প্রত্যাশা রাখি।"

**কংগ্রেসম্যান পল টনকো বলেন,** "উপকূলীয় বায়ুশক্তি উন্নয়নের ক্ষেত্রে নিউ ইয়র্কের অসাধারণ সম্ভাবনার কথা আমাদের জানা আছে। এই শিল্পের সম্প্রসারণ, ভালো বেতনের কর্মসংস্থান তৈরি, জ্বালানি খাতের ভবিষ্যত কর্মীদলের প্রশিক্ষণ, এবং আমাদের জন্য সবচেয়ে উদ্বেগজনক জলবায়ু চ্যালেঞ্জগুলো মোকাবেলায় সাহায্য করার ক্ষেত্রে আজকের এই উদ্দীপনাপূর্ণ সংবাদ একটি কেন্দ্রীয় ভূমিকা পালন করবে। আমাদের অঞ্চলে বিনিয়োগ করা এবং বায়ুশক্তি উৎপাদনের ক্ষেত্রে নিউ ইয়র্ককে একটি পাওয়ারহাউজ হয়ে উঠার পথে এগিয়ে নেওয়া এই ভবিষতমুখী ভাবনার ঘোষণার সঙ্গে সম্পৃক্ত সবাইকে ধন্যবাদ।"

**NYSERDA-এর প্রেসিডেন্ট ও CEO ডোরিন এম. হ্যারিস বলেন,** "নিজেদেরকে দেশের নেতৃস্থানীয় উপকূলীয় বায়ুশক্তি বাজার এবং বায়ুশক্তি উৎপাদনের একটি বৈশ্বিক পাওয়ারহাউজ হিসেবে প্রতিষ্ঠিত করার অঙ্গীকারাবদ্ধতায় নিউ ইয়র্ক স্টেট অবিচল থেকেছে। ইকুইনরের সঙ্গে এসব চুক্তি আমাদের অগ্রগতিকে আরো মজবুত করবে এবং নতুন অর্থনৈতিক সুযোগ-সুবিধা তৈরির পাশাপাশি একই সময়ে নির্মল, নবায়নযোগ্য জ্বালানি দিয়ে চালিত একটি নতুন বৈদ্যুতিক গ্রিড নির্মাণ করবে যা

একটি অধিকতর স্বাস্থ্যকর ও আরো বেশি স্থিতিশীল ভবিষ্যতের দিকে আমাদের এগিয়ে যাওয়ার পথ নির্মাণ করবে।"

NYSERDA-এর উপকূলীয় বায়ুশক্তি শিল্পের প্রতিযোগিতামূলক দ্বিতীয় সলিসিটেশনের ফলস্বরূপ 2021 সালের জানুয়ারিতে 1,260-মেগাওয়াটের এম্পায়ার উইন্ড 2 এবং 1,230-মেগাওয়াটের বিকন উইন্ড প্রকল্প সাময়িকভাবে অনুদান পেয়েছে। যথাক্রমে 2027 ও 2028 সালে বাণিজ্যিক কার্যক্রম শুরু হবে বলে প্রত্যাশা করা এই প্রকল্পগুলো নিউ ইয়র্কের অর্থনীতিকে শক্তিশালী করবে এবং উপকূলীয় বায়ুশক্তি প্রকল্পগুলোতে সরাসরি সহায়তা প্রদানের জন্য আরো বেশি বিনিয়োগ নিয়ে আসবে এবং একই সময়ে নিউ ইয়র্ককে উপকূলীয় বায়ুশক্তি সাপ্লাই চেইনের হাব হিসেবে প্রতিষ্ঠিত করবে। প্রকল্পগুলো সকল আবশ্যক অনুমতি ও অনুমোদন পেয়ে গেলে, নির্মাণকাজ সম্পন্ন করলে, এবং নিউ ইয়র্কে বিদ্যুৎ সরবরাহ শুরু করলে সেগুলো NYSERDA-এর তরফ থেকে পেমেন্ট পেতে শুরু করবে।

প্রকল্পের চূড়ান্ত চুক্তিগুলো NYSERDA-এর ওয়েবসাইটে পাওয়া যাবে এবং এতে নিম্নলিখিত প্রধান সুফলগুলোর প্রতি অঙ্গীকারাবদ্ধতা অন্তর্ভুক্ত রয়েছে:

- বন্দর অবকাঠামোতে 644 মিলিয়ন ডলারের নজিরবিহীন সরকারি ও বেসরকারি অনুদানের অঙ্গীকার, যার মধ্যে রয়েছে:
    - আলবানি পোর্টে দেশের প্রথম উপকূলীয় বায়ুশক্তি টাওয়ার ম্যানুফ্যাকচারিং ফ্যাসিলিটি নির্মাণের জন্য 357 মিলিয়ন ডলার
        - নিউ ইয়র্ক সিটির মালিকানাধীন এবং নিউ ইয়র্ক সিটি অর্থনৈতিক উন্নয়ন কর্পোরেশন (New York City Economic Development Corporation, NYCEDC)-এর পরিচালনাধীন সাউথ ব্রুকলিন মেরিন টার্মিনালে (SBMT) একটি উপকূলীয় বায়ুশক্তি স্টেজিং ও অ্যাসেম্বলি ফ্যাসিলিটির জন্য 287 মিলিয়ন ডলারেরও বেশি অনুদান
    - স্টেটের অভ্যন্তরে সম্ভাব্য ব্যয়ের জন্য এবং মজুরি ও প্রকল্প শ্রমিক চুক্তির অঙ্গীকারসমূহ অনুযায়ী 5,200 এরও বেশি কর্মসংস্থান তৈরির জন্য 4.9 বিলিয়ন ডলারেরও বেশি অনুদান।
- গ্রাহকদের জন্য গড় বিলের প্রভাব হবে আনুমানিক 0.4 শতাংশ অথবা প্রতি মাসে আনুমানিক 0.95 ডলার। প্রকল্পের মোট খরচ প্রতি মেগাওয়াট ঘণ্টা উন্নয়নের জন্য সব মিলিয়ে 40.40 ডলারের ব্যয়-সাশ্রয়ী গড় সহ, প্রকল্পের মোট খরচ NYSERDA-এর 2018 সালের বরাদ্দের তুলনায় প্রায় সাত শতাংশ কম, যা নির্দেশ করে যে উপকূলীয় বায়ুশক্তি প্রতিযোগিতামূলক মূল্যের একটি নবায়নযোগ্য শক্তি সম্পদ যার রয়েছে অসাধারণ সুফল।

**ইকুইনর উইন্ড US (Equinor Wind US)-এর প্রেসিডেন্ট সিরি এসপেডাল কিনডেম বলেন,** "আজকের এই ঘোষণা ইকুইনর ও bp-কে নিউ ইয়র্কের জন্য উপকূলীয় বায়ুশক্তি দ্বারা তৈরি 3.3 গিগাওয়াটেরও বেশি বিদ্যুৎ সরবরাহ করার পথে চালিত করবে। এছাড়াও এটি নিউ ইয়র্কের সবুজ জ্বালানি উত্তরণের দ্বারা চালিত অসাধারণ অর্থনৈতিক ক্রিয়াকলাপ ও কার্বন কমিয়ে আনার সম্ভাবনার বৃহৎ-পরিসরের, দৃশ্যমান প্রদর্শনীও তুলে ধরেছে। নিউ ইয়র্কে এই চমৎকার শিল্পের সমৃদ্ধিতে সাহায্য করতে পেরে আমরা গর্বিত।"

**bp-এর সিনিয়র ভাইস প্রেসিডেন্ট ফর জিরো কার্বন এনার্জি ফেলিপে আরবেলায়েজ বলেন,** "এগুলো বিশ্বমানের সম্পদ এবং আমরা তাদের দিয়ে লোকজনের পছন্দ অনুযায়ী উপায়ে প্রয়োজনীয় বিদ্যুৎ উৎপাদন শুরু করার জন্য দ্রুত ও নিরাপদে এগিয়ে যাচ্ছি এবং একই সময়ে আশেপাশের কমিউনিটি ও শিল্পের জন্য ইতিবাচক তরঙ্গ প্রভাব তৈরি করছি। আজকের এই মাইলফলক সামনের দিকে একটি অতি গুরুত্বপূর্ণ পদক্ষেপ এবং এম্পায়ার উইন্ড ও বিকন উইন্ড প্রকল্প সম্পন্ন করার জন্য আমরা কঠোর পরিশ্রম অব্যাহত রাখবো, যেসব প্রকল্প আগামী দশকগুলোতে নির্মল বিদ্যুৎ ও স্থিতিশীল রিটার্ন প্রদান করবে।"

**নিউ ইয়র্ক অফশোর উইন্ড অ্যালায়েন্স (New York Offshore Wind Alliance)-এর ডিরেক্টর ফ্রেড জ্যালকম্যান বলেন**, "আজকের এই ঘোষণা অবশ্যম্ভাবীভাবে স্টেটকে 2035 সালের মধ্যে 9,000 মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের জন্য দেশের-নেতৃস্থানীয় লক্ষ্য বাস্তবায়ন এবং নিউ ইয়র্ককে উদীয়মান উপকূলীয় বায়ুশক্তি শিল্পের অবিসংবাদিত অর্থনৈতিক কেন্দ্রস্থল হিসেবে গড়ে তোলার দিকে এগিয়ে নিয়েছে। এই বৃহৎ বাণিজ্যিক মাইলফলক অর্জন করায় আমরা NYSERDA এবং ইকুইনর-bp এর যৌথ উদ্যোগকে এবং তার পাশাপাশি নিউ ইয়র্কের এসব যুগান্তকারী প্রকল্পগুলোতে নিয়োগের জন্য দক্ষ কর্মীদের প্রথম প্রজন্ম হিসেবে প্রশিক্ষণের জন্য বরাদ্দ দেওয়া প্রথম অনুদানের গ্রহীতাদেরকে অভিনন্দন জানাই।"

**ক্লাইমেট জবস NY (Climate Jobs NY)-এর এক্সিকিউটিভ ডিরেক্টর জেফ ভকরোডট বলেন,** "নির্গমন কমানো, উপকূলীয় বায়ুশক্তি শিল্পে নিউ ইয়র্কের অবস্থান সুরক্ষিত করা, এবং স্টেটব্যাপী কমিউনিটিগুলোতে ভালো ইউনিয়ন কর্মসংস্থান ও ক্যারিয়ার তৈরির দিকে এগিয়ে যাওয়ার পথে এটি আরেকটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। এসব প্রকল্প যাতে দ্রুত সামনে এগিয়ে যায়, তৈরি হওয়া কর্মসংস্থানগুলো যাতে পরিবারের জন্য স্থিতিশীল ভালো মানের ইউনিয়ন কর্মসংস্থান হয়, এবং এসব বিনিয়োগ থেকে নিউ ইয়র্কবাসীরা অর্থনৈতিকভাবে উপকৃত হয় তা নিশ্চিত করতে আমরা হোকল প্রশাসনের সঙ্গে কাজ করার প্রত্যাশা রাখি। শীঘ্রই NYSERDA উপকূলীয় বায়ুশক্তির জন্য পরবর্তী সলিসিটেশন জারি করতে যাচ্ছে দেখে আমরাও উৎসাহ বোধ করছি, যা নতুন সাপ্লাই চেইনের জন্য গভর্নর হোকলের সম্প্রতি ঘোষণা করা 500 মিলিয়ন ডলারের সঙ্গে মিলে বন্দর এবং উপকূলীয় বায়ুশক্তির অন্যান্য অপরিহার্য অবকাঠামো নির্মাণে সাহায্য করবে।"

এই সপ্তাহে, গভর্নর হোকল যুক্তরাষ্ট্রের সেক্রেটারি অব দ্য ইন্টেরিয়র ডেব হাল্যান্ড, এবং নিউ জার্সির গভর্নর ফিল মারফির সঙ্গে যোগ দিয়ে নিউ ইয়র্ক উপকূলে উপকূলীয় বায়ুশক্তি উন্নয়নের জন্য মোট 488,000 একর জায়গায় ছয়টি লিজ প্রদানের জন্য BOEM-এর চূড়ান্ত বিক্রয় বিজ্ঞপ্তি ঘোষণা করেছেন, এবং "উপকূলীয় বায়ুশক্তির সাপ্লাই চেইন উন্নয়ন সম্পর্কিত একটি শেয়ারকৃত ভিশন" শীর্ষক একটি ডকুমেন্ট প্রকাশ করেছেন, যেখানে নিউ ইয়র্ক, নিউ জার্সি ও BOEM-এর মধ্যকার একটি সহযোগিতামূলক উপকূলীয় বায়ুশক্তি সাপ্লাই চেইন প্রচেষ্টার কথা বর্ণনা করা হয়েছে। নিউ ইয়র্ক ও নিউ জার্সির জন্য তাদের উপকূলীয় বায়ুশক্তি সম্পর্কিত স্ব স্ব লক্ষ্য অর্জনের জন্য এবং 2030 সালের মধ্যে 30,000 মেগাওয়াট উপকূলীয় বায়ুশক্তি উৎপাদনের ফেডারেল সরকারের লক্ষ্য অর্জনে সহায়তা করার জন্য এসব বাড়তি লিজ এলাকাগুলোর প্রয়োজন রয়েছে।

উপকূলীয় বায়ুশক্তি শিল্পে যুক্তরাষ্ট্রে নেতৃত্বের অবস্থান ধরে রাখতে, নিউ ইয়র্ক 2022 সালের শুরুতে এর স্টেটব্যাপী সলিসিটেশনের তৃতীয় রাউন্ড শুরু করবে। গভর্নর হোকলের 2022 সালের স্টেট অব দ্যা স্টেট বক্তব্যে দেওয়া ঘোষণা অনুযায়ী, NYSERDA-এর পরবর্তী সলিসিটেশন নতুন প্রকল্পগুলো থেকে কমপক্ষে 2 গিগাওয়াট উৎপাদন করবে বলে প্রত্যাশা রয়েছে — যা 1.5 মিলিয়ন বাড়িতে বিদ্যুৎ পৌঁছে দেওয়ার জন্য যথেষ্ট হবে এবং স্টেটের উপকূলীয় বায়ুশক্তি দ্বারা বৈদ্যুতায়নকৃত বাড়ির মোট সংখ্যা 4.5 মিলিয়নে উন্নীত করবে। এই বেড়ে উঠতে থাকা শিল্পের হাব হিসেবে নিউ ইয়র্কের প্রসিদ্ধি নিশ্চিত করতে গুরুত্বপূর্ণ অবকাঠামো নির্মাণের জন্য বেসরকারি বিনিয়োগ কাজে লাগাতে এর সঙ্গে উপকূলীয় বায়ুশক্তি অবকাঠামোতে NYSERDA 500 মিলিয়ন ডলার বিনিয়োগ করবে। এই সলিসিটেশনের মধ্যে নিউ ইয়র্ক স্টেটের পাওয়ার গ্রিড সম্পর্কিত অধ্যয়ন থেকে পাওয়া সুপারিশের ভিত্তিতে উপকূলীয় অঞ্চলে সঞ্চালন পদ্ধতি উন্নয়ন, স্টেটের অভ্যন্তরে উৎপাদনের উপর ক্রমবর্ধান হারে জোর দেওয়া, অন্তর্ভুক্তিমূলক অর্থনৈতিক উন্নয়ন ও জলবায়ু সমতা, মজুরি ও প্রকল্প শ্রমিক চুক্তির অঙ্গীকারসমূহ অনুযায়ী নির্মাণ শ্রমিক সহ নিউ ইয়র্কের শ্রমিক দলের সঙ্গে নিবিড় সম্পর্কের উপর জোর দেওয়া, এবং ডাউনস্টেটের বিদ্যমান জীবাশ্ম-ভিত্তিক বিদ্যুৎ উৎপাদন অবকাঠামোর পুনর্ব্যবহার করা এবং সিস্টেমের ভবিষ্যত নির্ভরযোগ্যতা বৃদ্ধির জন্য জ্বালানি সংরক্ষণকে কাজে লাগানোর প্রস্তাব দেওয়া প্রকল্পগুলোর জন্য বাড়তি স্কোরিং ক্রেডিট বরাদ্দ করা অন্তর্ভুক্ত থাকবে।

**নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগের (Department of Labor) কমিশনার রবার্টা রিয়ারডন বলেন,** "উপকূলীয় বায়ুশক্তি নিউ ইয়র্কের অর্থনীতিতে প্রাণচাঞ্চল্য নিয়ে আসছে। ভালোভাবে প্রশিক্ষণপ্রাপ্ত একটি কর্মীদলের সহায়তায় এই উদীয়মান খাত আগামী বছরগুলোতে অর্থনৈতিক সমৃদ্ধি নিয়ে আসবে। আমাদের অর্থনীতি, আমাদের পরিবেশ, ও নিউ ইয়র্কের কর্মীদলের জন্য কৌশলগত বিনিয়োগ অব্যাহত রাখায় আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই।"

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development)-এর ভারপ্রাপ্ত কমিশনার এবং প্রেসিডেন্ট ও CEO পদে মনোনীত হোপ নাইট বলেন,** "উপকূলীয় বায়ুশক্তির বন্দরগুলো সবুজ অর্থনীতি ও অর্থনৈতিক সুযোগ-সুবিধা উভয়ের চালিকা শক্তি হিসেবে কাজ করবে। এম্পায়ার উইন্ড 2 এবং বিকন উইন্ড নিউ ইয়র্ক স্টেটকে আরো সবুজ করতে তুলবে এবং সবুজ কর্মসংস্থান তৈরি করবে, যা আমাদের অর্থনীতিকে ভবিষ্যতের জন্য প্রস্তুত করার জন্য এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের মিশনকে এগিয়ে নিয়ে যাবে। আজকের এই ঘোষণার মধ্য দিয়ে নিউ ইয়র্ক জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াই করা এবং সবুজ জ্বালানি ও সবুজ কর্মসংস্থান তৈরি করার ক্ষেত্রে নেতৃত্ব দেয়া অব্যাহত রেখেছে - যা আমাদেরকে স্টেটের উচ্চাকাঙ্ক্ষী জলবায়ু লক্ষ্যের নিকটবর্তী করেছে।"

**সেন্টার ফর ইকোনোমিক গ্রোথ (Center for Economic Growth)-এর প্রেসিডেন্ট ও CEO মার্ক ইয়েগান বলেন,** "আমরা এমন একটি খাতের জন্ম প্রত্যক্ষ করছি যা শুধু নিউ ইয়র্ক স্টেট নয়, বরং পুরো দেশের জন্যই নতুন। এটি বাস্তব এবং এটি এখানে - রাজধানী অঞ্চলে কেন্দ্রীভূত হচ্ছে। নিউ ইয়র্ক স্টেট উপকূলীয় বায়ুশক্তি শিল্পের অগ্রদূত এবং আমরা গভর্নর হোকল ও NYSERDA-এর ভিশন ও অঙ্গীকারবদ্ধতার জন্য গভীরভাবে কৃতজ্ঞ। এই চুক্তি সম্পন্ন হওয়ায় আমরা ইকুইনর, bp, ও আলবানি পোর্টকে অভিনন্দন জানাই, যে চুক্তিটি আমাদের অর্থনীতির রূপান্তর করতে এবং

ভালো বেতনের কর্মসংস্থান প্রদান করতে সাহায্য করবে। তিন বছর আগে CEG এই অঞ্চলের উপকূলীয় বায়ুশক্তির সম্ভাবনা সম্পর্কে বৈশ্বিক প্রচারণা শুরু করেছিল, এবং সে প্রচারণা দেশের-নেতৃস্থানীয় এই বিনিয়োগ নিয়ে আসতে সাহায্য করেছে এবং আরো বিনিয়োগ নিয়ে আসছে। উপকূলীয় বায়ুশক্তি উৎপাদনের উপাদানগুলো প্রস্তুত করার জায়গা হিসেবে রাজধানী অঞ্চলের অবস্থান আরো সুপ্রতিষ্ঠিত করতে CEG স্টেট ও ফেডারেল ডলার কাজে লাগানোর জন্য এর অংশীদারদের সঙ্গে অব্যাহতভাবে কাজ করে যাবে।"

**উপকূলীয় বায়ুশক্তি সংক্রান্ত প্রশিক্ষণ ইনস্টিটিউট**

এছাড়াও আজ উপকূলীয় বায়ুশক্তি সংক্রান্ত প্রশিক্ষণ ইনস্টিটিউটের অধীনে স্টেটের 20 মিলিয়ন ডলারের প্রতিযোগিতামূলক বরাদ্দের প্রথম রাউন্ড ঘোষণা করা হয়েছে, যা যুক্তরাষ্ট্রের যেকোনো স্টেটের তরফ থেকে উপকূলীয় বায়ুশক্তি শিল্পের কর্মীদলের জন্য সর্ববৃহৎ সরকারি বিনিয়োগ। স্টেট ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক (State University of New York)-এর ফার্মিংডেল স্টেট কলেজ এবং লং আইল্যান্ডের স্টোনি ব্রুক ইউনিভার্সিটির (Stony Brook University) মধ্যকার একটি অংশীদারিত্বের মাধ্যমে এই প্রশিক্ষণ ইনস্টিটিউটের লক্ষ্য হলো দেশের উদীয়মান উপকূলীয় বায়ুশক্তি শিল্পকে সহায়তা করতে পারবে এমন একটি দক্ষ কর্মীদল প্রতিষ্ঠার জন্য প্রয়োজনীয় উপকূলীয় বায়ুশক্তি সংক্রান্ত প্রশিক্ষণ কর্মসূচি ও শিক্ষাগত অবকাঠামো এগিয়ে নেয়া। অফশোর ও অনশোর উভয় ধরনের নবায়নযোগ্য জ্বালানি প্রকল্পগুলোকে সহায়তা করার জন্য এবছর থেকে শুরু করে এই ইনস্টিটিউট নিউ ইয়র্কের 2,500 কর্মীকে সনদ ও প্রশিক্ষণ প্রদান করবে।

রাজধানী অঞ্চল ও নিউ ইয়র্ক সিটি উভয় অঞ্চলে ভেটেরান, প্রতিবন্ধী ব্যক্তি, নিম্ন-আয়ের ব্যক্তি, গৃহহীন ব্যক্তি, ও একক বাবা বা মা সহ সুবিধাবঞ্চিত কমিউনিটি ও অগ্রাধিকারপ্রাপ্ত জনগোষ্ঠীকে প্রাথমিক প্রশিক্ষণ প্রদান ও দক্ষতা উন্নয়নে সহায়তার জন্য প্রথম দুইটি বিজয়ী প্রস্তাব সম্মিলিতভাবে 569,618 ডলার অনুদান লাভ করবে। অনুদানপ্রাপ্তদের মধ্যে রয়েছে:

- NY-এর ট্রয়-এ অবস্থিত হাডসন ভ্যালি কমিউনিটি কলেজ (Hudson Valley Community College, HVCC)
- NY-এর কুইন্সে অবস্থিত লা গার্ডিয়া কমিউনিটি কলেজ (LaGuardia Community College, LAGCC)

রাজধানী অঞ্চলের উপকূলীয় বায়ুশক্তি উদ্যোগের জন্য একটি শক্তিশালী পাইপলাইন নির্মাণে সাহায্য করতে, HVCC সম্প্রতি ওয়েল্ডিং ও ফ্যাব্রিকেশন বিষয়ে একটি দুই-বছর মেয়াদী অ্যাসোসিয়েট ডিগ্রি প্রদান শুরু করেছে এবং শিক্ষার্থী বাছাই করার ক্ষেত্রে শহর ও গ্রামীণ অঞ্চলের সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোর অগ্রাধিকারপ্রাপ্ত জনগোষ্ঠীর উপর মনোযোগ দিবে এবং অংশগ্রহণকারীদের জন্য পূর্ণাঙ্গ বা আংশিক বৃত্তি প্রদান করবে। HVCC-এর একটি ডিভিশন, ক্যাপিটাল রিজিয়ন এডুকেশনাল অপর্চুনিটি সেন্টার (Capital Region Educational Opportunity Center) প্রাথমিক ওয়েল্ডিং দক্ষতার প্রশিক্ষণ প্রদান করবে এবং কলেজের প্রধান ক্যাম্পাসে বাড়তি নন-ক্রেডিট প্রশিক্ষণ ও সনদ প্রদান করা হবে। এছাড়াও কলেজটি ওয়েল্ডার ও ফ্যাব্রিকেটরদের একটি দক্ষ কর্মী পাইপলাইন প্রদানের জন্য টারবাইন নির্মাণের উপাদানগুলোর আঞ্চলিক প্রস্তুতকারকদের সঙ্গে

অংশীদার হয়ে কাজ করবে, যেখানে অগ্রাধিকারপ্রাপ্ত জনগোষ্ঠী ও সুবিধাবঞ্চিত কমিউনিটি থেকে 65 জন সহ মোট 75 জন্য ব্যক্তিকে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্য নির্ধারণ করা হয়েছে।

নিউ ইয়র্ক সিটির মেট্রো এলাকার উপকূলীয় বায়ুশক্তি ফ্যাসিলিটি নির্মাণ, মেরামত, ও রক্ষণাবেক্ষণের জন্য একটি শক্তিশালী স্থানীয় মেধার পাইপলাইন নিশ্চিত করবে এমন একটি অন্তর্ভুক্তিমূলক উপকূলীয় বায়ুশক্তি কর্মীদল গড়ে তোলার জন্য সিমেন্স গ্যামেসা (Siemens Gamesa)-এর সঙ্গে LAGCC অংশীদারিত্ব গড়ে তুলছে। সেরা মানের একটি স্বকীয় পাঠ্যক্রম প্রণয়নে সাহায্য করতে কর্মীদলে নতুন যোগদানকারীদের এবং নির্মাণ শিল্পের বর্তমান কর্মীদের মধ্যকার দক্ষতার ব্যবধান সম্পর্কে অবহিত হওয়ার জন্য কলেজটি কর্মীদের একত্রিত করবে। ব্রুকলিন-কুইন্স ওয়াটারফ্রন্টের মোট পঞ্চাশজন নিম্ন-আয়ের ব্যক্তিকে অফশোর উইন্ড টেকনিশিয়ান হিসেবে কাজ করার জন্য প্রশিক্ষণ প্রদান করা হবে।

**HVCC-এর ইকোনোমিক ডেভেলপমেন্ট এন্ড ওয়ার্কফোর্স ইনিশিয়েটিভ বিষয়ক ডিন পেনি হিল বলেন,** "হাডসন ভ্যালি কমিউনিটি কলেজ নিউ ইয়র্ক স্টেটের নির্মল জ্বালানি ভবিষ্যতের জন্য কর্মীদল সরবরাহ করতে সাহায্য করার জন্য অঙ্গীকারাবদ্ধ। ওয়েল্ডিং ও ফ্যাব্রিকেশন সম্পর্কে প্রশিক্ষণপ্রাপ্তরা ছাড়াও কলেজটি উপকূলীয় বায়ুশক্তি শিল্পের সহায়তার জন্য অন্যান্য শিক্ষাগত সুযোগ প্রদানের জন্য প্রস্তুত রয়েছে। চাকরির প্রশিক্ষণ প্রদান এবং অধিকতর শক্তিশালী, আরো বেশি মজবুত কমিউনিটি গড়ে তোলার জন্য আমরা প্রস্তুতকারকদের সঙ্গে অংশীদার হয়ে কাজ করার প্রত্যাশা রাখি।"

**ওয়ার্কফোর্স ডেভেলপমেন্ট ফর LAGCC (Workforce Development for LAGCC)-এর সিনিয়র ডিরেক্টর হান্নাহ ওয়েইনস্টক বলেন,** "উপকূলীয় বায়ুশক্তি শিল্পের একটি অন্তর্ভুক্তিমূলক কর্মীদল গড়ে তোলা আমাদেরকে নিম্ন-আয়ের অশ্বেতাঙ্গ কমিউনিটিগুলো এবং অতীতে পিছিয়ে পড়া অন্যান্য কমিউনিটি যাতে ভবিষ্যতের সবুজ অর্থনীতিতে নেতৃত্ব দেয়ার সুযোগ পায় তা নিশ্চিত করার সুযোগ করে দিবে।"

**আপরোজ (UPROSE)-এর এক্সিকিউটিভ ডিরেক্টর এলিজাবেথ ইয়েমপিরে বলেন**, "বছরের পর বছর ধরে পরিবেশগত ন্যায়বিচারের জন্য সামনের সারিতে নেতৃত্ব দেওয়া এবং জলবায়ু নেতৃত্ব ও কমিউনিটি সুরক্ষা আইন পাশ করার ক্ষেত্রে আমাদের ভূমিকার ফলস্বরূপ নিউ ইয়র্ক এখন উপকূলীয় বায়ুশক্তি শিল্পে সত্যিকারের জাতীয় নেতৃত্বের অবস্থানে প্রতিষ্ঠিত হতে যাচ্ছে। CLCPA সমতা, ও অর্থনীতিব্যাপী নির্গমন কমানোর বিধি নির্ধারণ করেছে, এবং ব্রুকলিনের সানসেট পার্কের মতো সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোতে কমপক্ষে 40% বিনিয়োগ করার আদেশ প্রদান করেছে - যেসব কমিউনিটি কয়েক প্রজন্ম ধরে দূষণ ও স্বাস্থ্যগত বৈষম্যের ভুক্তভোগী হয়ে রয়েছে। সানসেট পার্কের দুই দশক ধরে চলমান পরিবেশগত ন্যায়বিচার পাওয়ার সংগ্রাম এবং NYC-এর সর্ববৃহৎ শিল্প-এলাকার ওয়াটারফ্রন্টের "সবুজ পুনঃ-শিল্পায়ন" একটি সমতাপূর্ণ উপকূলীয় বায়ুশক্তি শিল্প তৈরির জন্য সহযোগিতামূলক সরকার পরিচালনার একটি নমুনা। এখন সংগ্রাম হলো একটি ন্যায্য উত্তরণের জন্য, যাতে আমাদের উভয় ধরনের লোকজন প্রথম দিন থেকেই উন্নয়নের প্রতিটি ধাপে সম্পৃক্ত থাকেন এবং এই শিল্পে কাজ করতে পারেন তা নিশ্চিত করা যায়। কমিউনিটির সামনের

সারির নেতৃবৃন্দের অংশীদারিত্বে ও স্টেটের সমর্থনে যুক্তরাষ্ট্রের ইতিহাসে সর্ববৃহৎ উপকূলীয় বায়ুশক্তি সংক্রান্ত সলিসিটেশনের অগ্রযাত্রা অব্যাহত রয়েছে দেখে UPROSE উচ্ছ্বসিত।"

**সিটিজেনস ক্যাম্পেইন ফর দ্য এনভায়রনমেন্ট (Citizens Campaign for the Environment)-এর এক্সিকিউটিভ ডিরেক্টর অ্যাড্রিন এসপোসিটো বলেন,** "এই ঘোষণা বায়ুশক্তির জন্য একটি অগ্রগামী পদক্ষেপ এবং অপেক্ষাকৃত নির্মল জ্বালানির ভবিষ্যতের দিকে একটি বৃহৎ পরিবর্তন। জীবাশ্ম জ্বালানি থেকে নবায়নযোগ্য জ্বালানির দিকে আমাদের উত্তরণের পথে উল্লেখযোগ্য অগ্রগতি ঘটতে দেখা একটি রোমাঞ্চকর ব্যাপার। জনসাধারণ এই উত্তরণকে ব্যাপকভাবে সমর্থন করছে এবং নিউ ইয়র্ক সেটা পৌঁছে দিচ্ছে! সবুজ অর্থনীতি নির্মাণ এবং উপকূলীয় বায়ুশক্তিকে এগিয়ে নেয়ার মাধ্যমে আমরা নিউ ইয়র্ককে জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াইয়ে নেতৃত্বের অবস্থানে রাখার অঙ্গীকার পূরণ করছি। অগ্রগতির পথ নির্মাণ অব্যাহত রাখায় গভর্নর হোকল ও NYSERDA-কে ধন্যবাদ।"

এসব অগ্রগতি উপকূলীয় বায়ুশক্তি উন্নয়নের জন্য নিউ ইয়র্কের দায়িত্বশীল ও ব্যয়-সাশ্রয়ী অব্যাহত প্রচেষ্টাগুলোর সঙ্গে যোগ হচ্ছে, যার মধ্যে NYSERDA-এর সম্প্রতি প্রকাশিত উপকূলীয় বায়ুশক্তি শিল্পে স্টেকহোল্ডারদের সম্পৃক্ততা সংক্রান্ত নির্দেশক নীতিমালা এবং অফশোর ও অনশোর ক্যাবল করিডরের বিশ্লেষণে বিবেচনা করার মতো বিষয়গুলো শনাক্ত করতে জনসাধারণ ও আগ্রহী স্টেকহোল্ডারদের কাছ থেকে মতামত চেয়ে করা তথ্যের জন্য অনুরোধ অন্তর্ভুক্ত রয়েছে। এছাড়াও NYSERDA একটি নতুন অফশোর উইন্ড মাস্টার প্ল্যান 2.0 শুরু করবে: ডিপ ওয়াটার (Deep Water) এবছর উপকূলীয় বায়ুশক্তি উন্নয়নের পরবর্তী ক্ষেত্রটি উন্মোচন করবে।

নিউ ইয়র্ক স্টেটে পাঁচটি উপকূলীয় বায়ুশক্তি প্রকল্পের উন্নয়নকাজ সক্রিয়ভাবে চলছে, যা দেশের মধ্যে সর্ববৃহৎ পোর্টফোলিও। এই প্রাথমিক পোর্টফোলিওতে মোট 4,300 মেগাওয়াটেরও বেশি বিদ্যুৎ উৎপন্ন হবে এবং নিউ ইয়র্কের 2.4 মিলিয়নেরও বেশি বাড়িতে বিদ্যুৎ পৌঁছে দিবে এবং এটি স্টেটে 12.1 বিলিয়ন ডলারের সম্মিলিত অর্থনৈতিক প্রভাব নিয়ে আসবে বলে প্রত্যাশা করা হচ্ছে। এছাড়াও প্রকল্প উন্নয়ন, উপাদান প্রস্তুতকরণ, ইনস্টলেশন, এবং কার্যক্রম পরিচালনা ও রক্ষণাবেক্ষণ ইত্যাদি ভূমিকা পালনের জন্য প্রকল্পগুলো 6,800 এরও বেশি কর্মসংস্থান তৈরি করবে বলে প্রত্যাশা করা হচ্ছে। স্টেটের 2035 সালের মধ্যে 9,000 মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্য অর্জন করলে নিউ ইয়র্ক স্টেটের বিদ্যুতের চাহিদার প্রায় 30 শতাংশ পূরণের মতো উপকূলীয় বায়ু বিদ্যুৎ উৎপন্ন করবে, যা নিউ ইয়র্কের প্রায় 6 মিলিয়ন বাড়িতে বিদ্যুৎ পৌঁছে দেয়া এবং প্রায় 10,000 কর্মসংস্থান তৈরি করার সমতুল্য।

**নিউ ইয়র্ক স্টেটের রাষ্ট্রের নেতৃত্বকারী জলবায়ু পরিকল্পনা (New York State's Nation-Leading Climate Plan)**

নিউ ইয়র্ক স্টেটের জাতির নেতৃত্বকারী জলবায়ুর কর্মসূচী হল জাতির সব চেয়ে বেশি আক্রমণাত্মক জলবায়ু ও পরিচ্ছন্ন শক্তির উদ্যোগ, যা সুশৃঙ্খল ও ন্যায্যভাবে পরিচ্ছন্ন শক্তিতে উত্তরণের আহ্বান করে যা চাকরি তৈরি করে এবং নিউ ইয়র্ক স্টেট কোভিড-19 মহামারী থেকে উদ্ধারলাভের সাথে সাথে একটি সবুজ অর্থনীতিকে প্রতিপালন করা অব্যাহত রাখে। জলবায়ু নেতৃত্ব এবং জনসমাজের সুরক্ষা আইন (Climate Leadership and Community Protection Act) এর মাধ্যমে আইনের

অন্তর্ভুক্ত করার পরে, নিউ ইয়র্ক 2040 এর মধ্যে শূন্য-নির্গমন বিদ্যুৎশক্তির ক্ষেত্রে তার বাধ্যতামূলক লক্ষ্য অর্জনের পথে এগিয়ে চলেছে, যার মধ্যে অন্তর্ভুক্ত আছে 2030 এর মধ্যে 70 শতাংশ পুনর্নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং অর্থনীতি ব্যাপী কার্বন নিরপেক্ষতা অর্জন করা। স্টেট জুড়ে 102টি বিশাল মাত্রার নবায়নযোগ্য ও বিতরণের প্রকল্পে 33 বিলিয়ন ডলারের বেশি, বিল্ডিং থেকে নির্গমন হ্রাস করার জন্য 6.8 বিলিয়ন ডলার, সৌরশক্তির মাত্রা বৃদ্ধি করার জন্য 1.8 বিলিয়ন ডলার, নির্মল পরিবহন উদ্যোগের জন্য 1 বিলিয়ন ডলারের বেশি, এবং NY গ্রীন ব্যাংক-এর প্রতিশ্রুতিতে 1.6 বিলিয়ন ডলারের বেশি সহ, এটি নির্মল জ্বালানির মাত্রা বৃদ্ধি করার জন্য নিউ ইয়র্কের অভূতপূর্ব বিনিয়োগের সাথে যুক্ত হয়েছে। সম্মিলিতভাবে, এই বিনিয়োগগুলি 2020 সালে নিউইয়র্কের নির্মল জ্বালানি খাতে 158,000 এরও বেশি চাকরি, 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 2,100 শতাংশ প্রবৃদ্ধি এবং 2035 সালের মধ্যে 9,000 মেগাওয়াট অফশোর বায়ুশক্তি গড়ে তোলার প্রতিশ্রুতিকে সমর্থন করে। জলবায়ু আইনের অধীনে, নিউ ইয়র্কে এই অগ্রগতির উপর ভিত্তি করে নির্মাণ করবে এবং 2050 সালের মধ্যে গ্রিনহাউস গ্যাস নির্গমনকে 1990 এর স্তর থেকে 85 শতাংশ কমাবে, এবং নিশ্চিত করবে যে পরিচ্ছন্ন শক্তির বিনিয়োগের 40 শতাংশ বেনিফিটের অন্তত 35 শতাংশ সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলিকে দেওয়া হবে, এবং চূড়ান্ত ব্যবহারকারীর শক্তির খরচ সাশ্রয় করার মাধ্যমে অন-সাইট শক্তি খরচ 185 ট্রিলিয়ন BTU কমানো, যাতে 2025 সালের শক্তির দক্ষতার লক্ষের উদ্দেশ্যে অগ্রসর হওয়া যায়।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418